

ISSN 2231 - 461X ABAHAMAN

Vol. 10 - 11 No. 12-13

January - June, July - December, 2018

(A Research Oriented)

Historical Reviewed Journal

আবহমান

ইতিহাস বিষয়ক পত্রিকা

(অন্তর্ভুক্ত সমন্বিত ষাণ্মাসিক বিশেষজ্ঞ শংসায়িত জার্নাল)

সম্পাদক

ড. মহীতোষ গায়েন

করপাস রিসার্চ ইনস্টিটিউট

ISSL : 2231-461X ABAHAMAN

আবহমান

ইতিহাস বিষয়ক জার্নাল

(অন্তর্স্থলা সমন্বিত বিশেষজ্ঞ শংসায়িত জার্নাল)

জানুয়ারি-জুন / জুলাই-ডিসেম্বর - ২০১৮

বর্ষ - ১০-১১

যুগ্ম সংখ্যা ১২-১৩

সম্পাদক

ড. মহীতোষ গায়েন

করপাস রিসার্চ ইনস্টিটিউট

২৮/১/সি, গড়িয়াহাট রোড

কলকাতা - ৭০০০৬৮

(মধুসূদন মণ্ডের সন্নিহিত, ঢাকুরিয়া ব্রিজ)

যোগাযোগ :

৯৮৩০২৭৫১০৬ / ৯৪৩৩৬৫৯৭৫৪

রবীন্দ্রনাথ ও পশ্চিমী মনীষা : সংক্ষিপ্ত সাক্ষাৎ

ড. মহীতোষ গায়ন

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, সিটি কলেজ, আমহাস্ট স্ট্রিট কলকাতা - ৯

ভূমিকা

কবিগুরু ১৮৯০ সালে মোহভঙ্গ হয়ে কর্মহীন জীবনের খেয়ালস্বরূপ তৃতীয়বার বিলাত যাত্রা সমাপ্ত করেছিলেন। ১৯১২-তে চতুর্থবার তিনি বিলাত যাত্রা করেন। এ যাত্রা ছিল তার বিশ্বজয়ের নিমিত্ত সফল যাত্রা, যাতে তিনি লাভ করেছিলেন সৌভাগ্যের কনক কিরীট, ইন্ডিয়ান প্রেস থেকে প্রকাশিত 'গীতাঞ্জলী' কাব্যগ্রন্থের জন্য লাভ করেছিলেন কাব্য মনীষার শ্রেষ্ঠ স্বীকৃতি— 'সাহিত্য নোবেল প্রাইজ'। তাঁর কাব্য মনীষা, জয় করেছিল 'পূর্ব' 'পশ্চিম' তথা সমগ্র বিশ্ব।

'বিজ্ঞানচার্য জগদীশ চন্দ্র বসু'র প্রেরণাতে তাঁর কবিতার ইংরাজী ভাষায় অনুবাদ করবার ইচ্ছা জাগে। ২৬শে নভেম্বর ১৯০৯-এ বন্ধুর প্রেরিত পত্রদ্বারা উদ্বুদ্ধ হয়ে শুরু করেন তাঁর কবিতাকে ইংরাজীতে অনুবাদ করতে। কবিগুরুর মনীষার সাফল্যের স্বীকৃতি প্রেক্ষাপটে তৈরি হয়েছিল পূর্ব-পশ্চিম-এর বিশ্বমনীষার সৌহার্দবন্ধন। বিশ্বকবি তাঁর বিশ্ব পরিক্রমার সুবাদে পারস্পরিক সান্নিধ্য সুধায় পরিপূর্ণ হয়েছিলেন রোমাঁ রোলাঁ, রোদেনস্টাইন, বাট্টার্ড রাসেল, ইয়েট্‌স্, অঁরি-বের্গস্, আইনস্টাইন, ওকাম্পো প্রমুখের দ্বারা। বিশ্বমনীষার সান্নিধ্য-সায়ুজ্য হয়ে উঠেছিল ব্যক্তিত্বের সঙ্গে ব্যক্তিত্বের ভাব ও মত বিনিময়ের মাধ্যমে।^১ আলোচ্য প্রবন্ধে কবির সঙ্গে পশ্চিমী মনীষা রম্যা রলাঁ, রোদেনস্টাইন, পিয়ার্সনের আংশিক যোগাযোগের

কথা উপস্থাপিত হয়েছে।

রম্যা রলাঁ— রবীন্দ্রনাথ :

গত শতাব্দীতে রবীন্দ্রনাথের সঙ্গে রম্যা রলাঁ'র সংলাপ কি পূর্ব ও পশ্চিমের শ্রেষ্ঠ কথোপকথন? রম্যা রলাঁ ছিলেন বিংশ শতাব্দীর মহান কথাশিল্পী, নাট্যকার, সংগীত, প্রাবন্ধিক ও অন্যতম শেষ ক্লাসিক বুদ্ধিজীবী।^২

সহপাঠীরা যাকে বলত 'বরফে ঢাকা আগ্নেয়গিরি' (un volcan sous la glace), যিনি তলষ্টয় ও বেঠোফেন থেকে মিকেলাঞ্জেলোর জীবনীকার, গোর্কি ফ্রয়েড, শোয়াইৎজার, আইনস্টাইন, ও হেরমান জেসমের বন্ধু, তাঁর সঙ্গে কোথায় কীভাবে দেখা হল আমাদের রবীন্দ্রনাথের, ভাষা ও সংস্কৃতির দূরতিক্রম্য বাধা অতিক্রম করে?^৩

ছাত্রাবস্থা থেকেই রলাঁ ভারতানুরাগী। 'রবীন্দ্রনাথের সঙ্গে প্রথম পরিচয় 'গীতাঞ্জলী'-র আঁদ্রে জিদকৃত চব্বিশটি কবিতার ফরাসি অনুবাদের মাধ্যমে।^৪ ১৯১৩ সালে রলাঁ তার তরুণ বয়সের প্রেমিকা সোফিয়া বেঠেলিনিকে আনন্দ পেতে ও লাভবান হতে নোবেল পুরস্কার প্রাপ্ত হিন্দু কবি রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা পড়বার কথা জানানেন। তিনি বলেন, 'এ যেন জীবন ও মৃত্যুকে নিবেদিত মহাসংগীত। প্রাচ্যের এই কবি নিজের মধ্যে প্রজ্জ্বলিত রেখেছেন আনন্দের জ্বলন্ত শিখা, যা আমাদের পাশ্চাত্যে সর্বদা বিষাদের ধোঁয়ায় ঢাকা থাকে।^৫